

“মুজিববার্ষের আহবান  
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান শাখা-০১  
www.probashi.gov.bd

তারিখ: ১২ জুলাই ২০২০ খ্রি:।


নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.৩৭.২০২০-৩৪৩

বিষয়: মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত রিক্রুটিং লাইসেন্সসমূহের লাইসেন্স ফি ও জামানত প্রদানের সময় বৃদ্ধি।

সূত্র: অত্র মন্ত্রণালয়ের স্মারক (ক) ৪৯.০০.০০০০.০৪৩.১১.৩৭.২০২০-২৪৭; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:;  
(খ) ৪৯.০০২.০০৬.০০.০০.২২৫.২০১০/(অংশ-৩)-১৩১; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:;  
(গ) ৪৯.০০.০০০০.০৪৭.১১.০৩৮.২০-১৯৫; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:;  
(ঘ) ৪৯.০০.০০০০.০৪৮.১১.০৩৯.২০.১৭৪; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয় হতে সূত্রোল্লিখিত স্মারকের মাধ্যমে সর্বশেষ ৭৬ (ছিয়াত্তর) টি রিক্রুটিং লাইসেন্স এর মঞ্জুরী আদেশ প্রদান করা হয়। উক্ত মঞ্জুরী আদেশের শর্তানুযায়ী লাইসেন্স সংক্রান্ত সকল ফি ও জামানত পত্র জারির ৩০ (ত্রিশ) পঞ্জিকা দিবসের মধ্যে অবশ্যই জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ফি এবং জামানত জমাকরণে ব্যর্থ হলে কোনোরূপ নোটিশ প্রদান ব্যতিরেকে লাইসেন্স প্রদানের অনুমোদন বাতিল বলে গণ্য হবে। কিন্তু বর্তমান করোনা (Covid 19) মহামারি সংক্রান্ত বিভিন্ন অজুহাতে অনেক অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানই এখন পর্যন্ত লাইসেন্স ফি ও জামানত জমা প্রদান করেনি। জমা প্রদানের তারিখ ইতোমধ্যেই উত্তীর্ণ হয়েছে।

০২। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ৯ (২) (গ) অনুযায়ী রিক্রুটিং এজেন্ট লাইসেন্স প্রাপ্তির অন্যতম শর্ত হচ্ছে আর্থিক স্বচ্ছলতা। এতদসত্ত্বেও করোনা (Covid 19) মহামারি পরিস্থিতি বিবেচনায় এসকল অনুমোদিত লাইসেন্সের বিপরীতে প্রযোজ্য ফি ও জামানত জমা প্রদানের সময় শেষবারের মতো ৩১ জুলাই ২০২০ খ্রি: পর্যন্ত বৃদ্ধি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ৩১ জুলাই ২০২০ খ্রি: তারিখের মধ্যে ফি ও জামানত জমা প্রদান করতে ব্যর্থ হলে রিক্রুটিং লাইসেন্সের জন্য প্রদত্ত অনুমোদন বাতিল করা হবে।

  
(মোহাম্মদ শাহীন)  
উপসচিব  
ফোন-৪১০৩০২৪৩

ইমেইল: dsemployment1@probashi.gov.bd

মহাপরিচালক  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. উপসচিব (কর্মসংস্থান শাখা-১/২/৩/৪), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫. সহকারী প্রোগ্রামার (আইসিটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৬. যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭. অফিস কপি।